



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd



ফেব্রুয়ারি, ২০২১ মাসের জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব প্রশান্ত কুমার দাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল
স্থান : জুম ভার্চুয়াল প্লাটফর্ম
তারিখ ও সময় : ২৫/০২/২০২১ তারিখ বিকাল ০৩.৩০ টা

জুম ভার্চুয়াল প্লাটফর্ম এর মাধ্যমে জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ সভায় যুক্ত হয়। সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। সভায় বরিশাল জেলার বিভিন্ন দপ্তরের চলমান ও সমাপ্ত ইনোভেশন কার্যক্রম তুলে ধরা হয়।

ক) নতুন গৃহীত উদ্যোগ

ক্র:	দপ্তর	চলমান উদ্ভাবনী প্রকল্পের নাম
১.	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল	মাটির সমস্যা সমাধান ও ফসলের উপযোগিতা নিরূপন
২.	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল	মৃত্তিকা ও ভূমিরূপ মানচিত্র ব্যবহার করে প্রধান ফসলের জন্য সার সুপারিশ কার্ড বিতরণ

খ) চলমান উদ্যোগ:

ক্র:	দপ্তর	সমাপ্ত প্রকল্প
১.	জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল	জেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের জরুরী যোগাযোগ নাম্বার এবং অন্যান্য তথ্য সম্বলিত ডিজিটাল বরিশাল নামক মোবাইল অ্যাপস
২.	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গৌরনদী, বরিশাল	ইউডিসি থেকে মোবাইল এসএমএস এর মাধ্যমে জন্ম-নিবন্ধনের কনফার্মেশন বার্তা প্রদান
৩.	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আংলৈলঝাড়া, বরিশাল	সাবলীলভাবে গড়তে পাড়া সপ্তাহের সেরা শিক্ষার্থী নির্বাচন
৪.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল	কাঁচাবাজার মোবাইল এপ্লিকেশন
৫.	বিভাগীয় সরকারি গণপ্রশাসন, বরিশাল	চাকুরী প্রত্যাশী ছাত্র-ছাত্রীদের জন্য Career Guide নামে প্রতি মাসে একটি সেমিনার আয়োজন করা

গ) সমাপ্তকৃত উদ্যোগ:


ক্র:	দপ্তর	সমাপ্ত প্রকল্প
১.	জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল	সহশিক্ষা কার্যক্রম চালু আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য পৃথক ওয়াশব্লক নির্মাণ

২.	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়, উজিরপুর, বরিশাল	বহি: বিভাগে স্বাস্থ্য সেবা সহজীকরণে হেলথ কার্ডের প্রচলন
৩.	উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বরিশাল সদর, বরিশাল	ব্লক পর্যায়ে কৃষি তথ্য সেবা নিশ্চিতকরণ
৪.	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল	বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য খাঁচায় মাছ চাষ।

অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	<u>নতুন ইনোভেশন আইডিয়া উপস্থাপন:</u> সহকারী কমিশনার (আইসিটি) সভায় জানান যে, গত মাসে কোন দপ্তর থেকে নতুন ইনোভেশন আইডিয়া পাওয়া যায় নাই।	প্রত্যেক দপ্তর থেকে নতুন ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি)
২	<u>চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন</u> চলমান ইনোভেশন প্রকল্প জেলা ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক পরিদর্শন করা প্রয়োজন মর্মে সকলে মত প্রকাশ করেন।	জেলা ইনোভেশন টিমের সদস্যগণ বরিশাল জেলায় চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দিবেন।	জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ

অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



 (প্রশান্ত কুমার দাস)
 অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
 বরিশাল

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.২১-৪২

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৭
২৫ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ৫। জেলা প্রশাসক, বরিশাল
- ৬। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল
- ৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
- ৮। অধ্যক্ষ, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল
- ৯। জনাব রাহাত হোসেন ফয়সাল, সহযোগী অধ্যাপক, সিএসই বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল
- ১০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
- ১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল
- ১২। অফিস কপি


 (নিরুপম মজুমদার)
 সহকারী কমিশনার (আইসিটি)
 বরিশাল